# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**14 APRIL 2025** **7:45—7:55 PM IST**

==================================================

১। চিকিৎসা বিজ্ঞানের স্নাতক পাঠ্যক্রমের প্রবেশ পরীক্ষা( নিট ইউ জি) অনুষ্ঠিত করা রাজ্যের ১৭টি জেলার প্রশাসন এবং জাতীয় পরীক্ষণ সংস্থার সঞ্চালকের সঙ্গে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার বৈঠক /

২। সমগ্র দেশে আজ ভারতীয় সংবিধান প্রণেতা ডঃ বি আর আম্বেদকরের জন্মজয়ন্তী উদযাপন।/ বরাক উপত্যকার তিন জেলায় ও বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে এই দিবস পালন ।

৩। এক্সিস বেংকের শাখা প্রবন্ধককে অর্থিক অনিয়মে জড়িত থাকার অভিযোগে সিবিআইর গ্রেপ্তার ।

এবং

৪। সমগ্র রাজ্যে রঙালী বিহুর প্রথম দিনটিতে আজ গরু বিহু পালন/বরাক উপত্যকার তিনজেলায় আজ চৈত্র সংক্রান্তি এবং আগামীকাল বাংলা নববর্ষকে স্বাগত জানানোর প্রস্তুতি ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা চিকিৎসা বিজ্ঞানের স্নাতক পাঠ্যক্রমের প্রবেশ পরীক্ষা ( নিট ইউ জি) অনুষ্ঠিত করা রাজ্যের ১৭ টি জেলার আয়ুক্ত , পুলিশ সুপার এবং জাতীয় পরীক্ষণ সংস্থা এন টি এ'র সঞ্চালকের সঙ্গে আজ এক বৈঠকে মিলিত হন ।বৈঠকে মুখ্যমন্ত্রী নিট ইউ জি পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য জারি করা নির্দেশাবলী কঠোরভাবে মেনে চলা নিশ্চিত করার নির্দেশ দেন ।আসাম পুলিশের বিশেষ অনুসন্ধানে রাজ্যের বেসরকারী প্রতিষ্ঠানের পরীক্ষা কেন্দ্রে এই পরীক্ষায় উত্তীর্ণ বেশ কয়েকজন শিক্ষার্থী অস্বাভাবিকভাবে বেশী নম্বর লাভ করার বিষয়টি নজরে পড়ায় এই বৈঠকের আয়োজন করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান ।এছাড়া পরীক্ষা পরিচালনা করার সময়

কোনধরণের অনিয়মের ক্ষেত্রে আপোস না করতে মুখ্যমন্ত্রী নির্দেশ দেন ।মুখ্যমন্ত্রী বলেন যে এই পরীক্ষার সব কেন্দ্র শুধুমাত্র সরকারী বা সরকারী সাহায্যপ্রাপ্ত কলেজ হবে ।পরীক্ষার সামগ্রী সরবরাহ , বিতরণ এবং জমা রাখার সঙ্গে সম্পর্কীত বিষয়গুলোতে বিশেষ গুরুত্ব আরোপ করা হবে ।এছাড়া পরীক্ষা কেন্দ্রগুলোতে প্রার্থীদের আধার কার্ড আধারিত বায়োমেট্রিক প্রমাণের ব্যবস্থা থাকবে বলে মুখ্যমন্ত্রী জানান ।

-------------------------------------------------------------------------------------

আজ সংবিধান প্রণেতা ডক্টর ভীমরাও আম্বেদকারের জন্ম জয়ন্তী । এই উপলক্ষ্যে দেশবাসীর উদ্দেশ্যে প্রেরণ করা একটি শুভেচ্ছা বার্তায় রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু বলেছেন যে বিপর্যয়ের মধ্যেও বাবা সাহেব একটি স্বতন্ত্র পরিচয় গড়ে তুলতে সক্ষম হয়েছিলেন এবং বিশ্বব্যাপী সম্মান লাভ করেছিলেন । বাবা সাহেব আম্বেদকার একজন বহুমুখী ব্যাক্তিত্ব সম্পন্ন তথা অর্থনীতিবিদ , শিক্ষাবিদ ছাড়াও একই সঙ্গে একজন মহান সমাজ সংস্কারক ছিলেন বলে রাষ্ট্রপতি মত প্রকাশ করেছেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে সামাজিক মাধ্যমে প্রেরণ করা এক বার্তায় ডক্টর আম্বেদকারের প্রেরণার জন্য দেশ সামাজিক ন্যায়ের স্বপ্ন বাস্তাবিত করার ক্ষেত্রে নিষ্ঠাবান ভাবে নিয়োজিত হয়েছে বলে মন্তব্য করেন । তিনি আম্বেদকারের নীতি এবং আদর্শ স্বাবলম্বী তথা উন্নত ভারত গড়ে তুলতে গতি প্রদান করবে বলেও আশা প্রকাশ করেন ।

-------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকায়ও আজ বিভিন্ন কার্যসূচির মাধ্যমে সংবিধান প্রণেতা বাবা সাহেব ভীমরাও আম্বেদকারের জন্ম দিবস পালন করা হয়েছে । এই উপলক্ষ্যে আজ সকাল ৮টায় কাছাড় জেলা তপশিল জাতি পরিষদের উদ্যোগে শিলচরের জেলা আয়ুক্তের কার্যালয়ের সামনে বাবা সাহেবের প্রতিমূর্তীতে পুষ্পার্ঘ ও মাল্যদান করে তার স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয় । পরে বিভিন্ন বক্তা বাবা সাহেবের জীবনের নানা দিকের ওপর আলোকপাত করে প্রাসঙ্গিক বক্তব্য রাখেন । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ভারতীয় জনতা পার্টীর রাজ্য কমিটির সাধারণ সম্পাদক কনাদ পুরকায়েস্থ বলেন যে বাবা সাহেব দেশের অবহেলিত মানুষের জীবনের গুণগত মান উন্নত করতে কঠোর পরিশ্রম এবং দীর্ঘ লড়াই করে গেছেন । তিনি নব প্রজন্মের কাছে বাবা সাহেবের জীবনধারা পৌছে দিতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং বিভিন্ন অঞ্চলে আলোচনা চক্রের আয়োজন করার পরামর্শ দেন । ধলাইর বিধায়ক শ্রী নীহার রঞ্জন দাস বলেন যে দেশ বিভাজন থেকে শুরু করে কাশ্মির সমস্যা ইত্যাদি বিভিন্ন বিষয় নিয়ে বাবা সাহেব সুচিন্তিত সু-সংগঠিত মত প্রকাশ করেছেন । তিনি দেশের ঐক্য এবং সমাতার বিষয়টি

নিয়ে কখনো আপোস করেননি । তার আগাধ দেশপ্রেম আমাদের আজও অনুপ্রানিত করে । অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে সিমান্ত ভট্টাচার্য , কাছাড় জেলা অনুসূচিত জাতি পরিষদের সভাপতি ধ্রুবজ্যোতি পুরকায়েস্থ প্রমুখ প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।

--------------------------------------------------------------------------------

এদিকে হাইলাকান্দি জেলার বিভিন্ন সংস্থা-সংগঠনের উদ্যোগেও আজ ভারতরত্ন ডক্টর বি আর আম্বেদকরের জন্ম জয়ন্তী পালন করা হয়েছে । হাইলাকান্দি জেলা ডক্টর বি আর আম্বেদকর ভবন ছাত্রাবাস গ্রন্থাগার পরিচালন কমিটি , অনুন্নত লোক উন্নয়ন প্রতিনিধিত্ব সোসাইটি , ডক্টর বি আর আম্বেদকর ডাউন ট্রোডেন পিপলস রিপ্রেজেনটেশন সোসাইটি-র যৌথ উদ্যোগে আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে আম্বেদকর জন্ম জয়ন্তী পালন করা হয়েছে । প্রথমে সংস্থাগুলির পক্ষ থেকে আম্বেদকরের প্রতিমূর্তিতে মাল্যদান করা হয় । পরে হিমাংশু মালাকারের পৌরহিত্যে আয়োজিত আলোচনা সভায় আম্বেদকরের জীবনের উপর বিভিন্ন বক্তা বক্তব্য রাখেন ।

শ্রীভূমি জেলায়ও আজ বিভিন্ন সংস্থা-সংগঠনের উদ্যোগে এই দিবস পালন করা হয়েছে।

--------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ( সি বি আই ) আজ গৌহাটির ডি বি ষ্টক কনসালটেন্সির আর্থিক অনিয়মের সঙ্গে জড়িত থাকার অভিযোগে মহানগরীর এক্সিস ব্যাঙ্কের প্রাক্তন শাখা প্রবন্ধক পুষ্পজিৎ পুরকায়েস্থ এবং সন্দীপ গুপ্তাকে ডিব্রুগড় থেকে গ্রেপ্তার করেছে । সি বি আই জানিয়েছে যে পুষ্পজিৎ পুরকায়স্থ ডি বি ষ্টকের হয়ে অধিক অর্থ ফেরৎ দেওয়ার ভূয়ো প্রতিশ্রুতি দিয়ে জনসাধারণকে বিনিয়োগের জন্য আকর্ষিত করে অবৈধভাবে অর্থ উপার্জন করেছিলেন । পুরকায়স্থ মুম্বাই এবং গৌহাটির একাংশ বিনিয়োগকারীকে আকর্ষিত করে এই অসাধু কার্য চালিয়ে ছিলেন । একই ভাবে ডি বি ষ্টকের অন্যতম এজেন্ট হিসেবে পরিচিত সন্দীপ গুপ্তা অনুরূপভাবে ভূয়ো প্রতিশ্রুতির মাধ্যমে কম করে ৩৫০ জনের অধিক গ্রাহকের কাছ থেকে অর্থ সংগ্রহ করেছিলেন। এর বিনিময়ে তিনি ডিবি কনসালটেন্সি থেকে লক্ষাধিক রাকা উপার্জন করেছিলেন বলে সিবি আই ইতিমধ্যে ডিবি ষ্টকের স্বত্বাধিকারী দিপাংকর বর্মনের বিরুদ্ধে দেশব্যাপী ১০ হাজাররে বেশি লোককে প্রবঞ্চনা করে ৪শো কোটির বেশি অর্থ সংগ্রহ করেছে বলে অভিযোগনামা দাখিল করেছে।

--------------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যে আজ উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে রঙালী বিহুর প্রথম দিনটি গোধনের শ্রীবৃদ্ধি কামনায় গরু বিহু হিসেবে পালন করা হয়েছে ।আজ সকাল থেকেই নদী , জলাশয় ইত্যাদিতে গরুগুলোকে স্নান করিয়ে পরম্পরাগতভাবে এই উৎসব পালন করা হয় ।শিলচর জাতীয় প্রযুক্তি প্রতিষ্ঠান (এন আই টি )তে আজ ছাত্রছাত্রী এবং শিক্ষকরা প্রতিষ্ঠানটির প্রাঙ্গনে গরু বিহু পালন করে ।শ্রীভূমি জেলার বড়গুল অঞ্চলে আজ গরু বিহু পালন করা হয় ।
রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু রঙালী বিহু , বৈশাখী , পয়লা বৈশাখ , মেষাদি , পুতান্দু পিরাপুক সহ দেশের বিভিন্ন প্রান্তে পালন করা নববর্ষের উৎসব সমুহের জন্য দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন ।রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য রঙালী বিহু এবং নববর্ষ উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । এক শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন যে রঙালী বিহু সংস্কৃতি এবং পরিবেশের মধ্যে চির বিরাজমান সম্পর্ককে প্রতিফলিত করে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা রঙালী বিহু উপলক্ষে রাজ্যবাসীর প্রতি আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করেন ।

-----------------------------------------------------------------------------------------

এদিকে বরাক উপত্যকার তিন জেলায় আজ পরম্পরাগত আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে চৈত্র সংক্রান্তি পালন করা হয়েছে । পুরাতন বছরকে বিদায় জানাতে এবং নতুন বছর ১৪৩২ বঙ্গাব্দকে স্বাগত জানাতে আজ তিন জেলার গ্রাম শহর সর্বত্র আনন্দ মুখর পরিবেশ বিরাজ করছে । চৈত্র সংক্রান্তি উপলক্ষে ঘরে ঘরে আজ নিমপাতা ,তেঁতো , এঁচোড় ইত্যাদি খাওয়ার প্রচলন রয়েছে ।চৈত্র সংক্রান্তিতে উপত্যকার বিভিন্ন স্থানে আজ চড়ক পূজো বা গাজনের মেলা অনুষ্ঠিত হচ্ছে ।রোগ ব্যাধি থেকে মুক্তি লাভ এবং মনো কামনা পূরণের আশায় ভক্তরা একমাস ব্রত পালন করার পর আজকের দিনে এই পূজো করে থাকেন ।শিলচর গান্ধী মেলার মাঠ , রাঙ্গিরখাড়ি , কালীবাড়ি চর , শ্মশান কালীবাড়ি , ফাটকবাজার কালীবাড়ি , ন্যাশনেল হাইওয়ে ইত্যাদি স্থানে আজ চড়কপূজো অনুষ্ঠিত হয়েছে ।এদিকে আজ চৈত্র সেলের শেষ বাজারে উপচে পড়া ভীড় পরিলক্ষিত হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------------

১৪৩২ বঙ্গাব্দের পয়লা বৈশাখকে স্বাগত জানাতে প্রতি বছরের ন্যায় এবারও বিভিন্ন কার্যসূচি গ্রহণ করা হয়েছে । বরাক উপত্যকার ভাষা ও সংস্কৃতির গৌরব সংরক্ষণ এবং এই অঞ্চলের বহুভাষিক ও বৈচিত্রময় সাংস্কৃতিক ঐতিহ্যকে উদযাপনের উদ্দেশ্যে বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের শিলচর শহর আঞ্চলিক সমিতি ১৪৩২ বঙ্গাব্দ, নববর্ষকে স্বাগত

জানাতে এবারে বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করছে । সম্প্রতি শিলচর বঙ্গ ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে আয়োজকদের পক্ষ থেকে একথা জানিয়ে আরো বলা হয় যে- প্রতিবছর প্রেক্ষাগৃহে সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমেই নববর্ষ উদযাপন করা হয় । এবছর সেই গন্ডি পেরিয়ে বরাক উপত্যকার সংস্কৃতি, ঐতিহ্য এবং ঐক্যকে সর্বজনীন করে তোলার লক্ষ্যে এই শোভাযাত্রার আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ নেশাজাতীয় দ্রব্যের বিরুদ্ধে চারটি অভিযান চালিয়ে বৃহৎ পরিমানের নেশা জাতীয় সামগ্রী বাজেয়াপ্ত করেছে । শিলচরে এক অভিযান চালিয়ে ১২ গ্রাম হেরোইন জব্দ করা সহ ৫ জন ড্রাগস সরবরাহকারীকে গ্রেপ্তার করা হয়েছে । সোনাই অঞ্চলে অভিযান চালিয়ে ৭৮ গ্রাম হেরোইন সহ দুজন লোককে আটক করা হয়েছে । আপার কালাইনে দুজন ড্রাগস সরবরাহকারী সহ ১৪৯ গ্রাম হেরোইন বাজেয়াপ্ত করা হয়েছে ।অন্য একটি অভিযানে সৈদপুর থেকে ১৭৭ গ্রাম হেরোইন সহ একজন লোককে আটক করা হয়েছে ।চারটি অভিযানে প্রায় দু কোটি টাকা বাজার মূল্যের ড্রাগস বাজেয়াপ্ত করা হয়েছে বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং আসাম বিশ্ববিদ্যালয়ের সমাজ কর্ম বিভাগের সহযোগীতায় আগামী ১৮ই এপ্রিল বড়জালেঙ্গা রাজুবাড়ী কমিউনিটি হলে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------------